

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি শিক্ষার্থী ফয়েজ আহমেদকে আর্থিক ক্ষতিপূরণ ও দুই শিক্ষার্থীকে অনুদান প্রদান

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ফয়েজ আহমেদকে আর্থিক ক্ষতিপূরণ ও দুই শিক্ষার্থীকে অনুদান প্রদান করা হয়েছে। বিগত প্রশাসন কর্তৃক চার বছর ক্লাসে ফেরার সুযোগ থেকে বঞ্চিত হওয়ায় তাকে ছাত্রত্ব ফিরিয়ে দেয়াসহ আর্থিক ক্ষতিপূরণ প্রদান করা হয়। আজ মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে ফয়েজের পরিবারের নিকট ৫ লাখ টাকার চেক হস্তান্তর করেন। এসময় সংক্ষিপ্ত বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল শিক্ষার্থী ফয়েজ ও তার পরিবারের প্রতি আন্তরিক দুঃখ প্রকাশ করেন।

সম্প্রতি অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ উল্লেখ করে উপাচার্য বলেন, ফয়েজের বিরুদ্ধে আনিত অভিযোগ থেকে তাকে অব্যাহতি দেয়া হলো। তার ছাত্রত্ব ফিরিয়ে দেয়া হলো। ফয়েজ ইচ্ছা পোষণ করলে রিজেন্ট বোর্ডের তারিখ হতে ছয় বছরের মধ্যে তার অসমাপ্ত কোর্স ক্রেডিটসমূহ সম্পন্ন করতে পারবেন।

অনুষ্ঠানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত নোবিপ্রবি অর্থনীতি বিভাগের শিক্ষার্থী কাউসার আহমেদ এবং আইন বিভাগের শিক্ষার্থী জাফর আহমেদকে ২০ হাজার করে ৪০ হাজার টাকার চেক প্রদান করা হয়। পূর্বে গত ১৯ সেপ্টেম্বর ২০২৪ ওই দুজন শিক্ষার্থীকে ১ লাখ করে ২ লাখ টাকার আর্থিক অনুদান প্রদান করা হয়েছিল। এছাড়াও তাদের টিউশন ফিসসহ শিক্ষার অন্যান্য ব্যয় মণ্ডকুপ করা হয়।

অনুষ্ঠানে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, নোবিপ্রবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন, প্রক্টর এএফএম আরিফুর রহমান এবং রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কবৃন্দ ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪